ক্রোড় পত্র খ

ব্যক্তিগত/নৌবাহিনীর ব্যবস্থাপনায় উচ্চশিক্ষার জন্য
অঙ্গীকারনামা

১। আমি ব্যক্তিগত নম্বর --------------- পদবী ---------------- নাম -------------- এই মর্মে অঙ্গীকার করছি যে, উচ্চশিক্ষার প্রার্থী হিসেবে নিম্নের সকল শর্তাদি মানতে বাধ্য থাকিব :

ক। উচ্চশিক্ষা প্রোগ্রাম শেষে/শিক্ষাছুটি হতে প্রত্যাবর্তনের পর উচ্চশিক্ষা নীতিমালা অনুযায়ী পরবর্তী পদবীর বয়সসীমা পর্যন্ত চাকুরী করিব।
খ। উচ্চশিক্ষা প্রোগ্রাম সম্পন্নের কারণে আমি চাকুরি/প্রমোশনের ক্ষেত্রে কোন বিশেষ বা অতিরিক্ত কোন সুযোগ/সুবিধা দাবী করব না।
গ। কোর্সে অকৃতকার্য অথবা শিক্ষাছুটি হতে নাম প্রত্যাহারের কারণে কর্তৃপক্ষের বিবেচনায় ভবিষ্যতে এ জাতীয় শিক্ষাছুটি হতে বঞ্চিত হতে পারি।
ঘ। আমি জ্ঞাত আছি যে, উচ্চশিক্ষা প্রোগ্রামে অধ্যয়নরত অবস্থায়/শিক্ষাছুটিকালীন সময়ে কোন ধরণের আইন বহির্ভূত কোন কার্যকলাপে জড়িয়ে পড়লে যে কোন সময় উচ্চশিক্ষা প্রোগ্রাম বাতিল করা হবে এবং প্রচলিত নিয়মে আমার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

২। আমি সজ্ঞানে উপরের সকল শর্তাদি মেনে চলতে অঙ্গীকারাবদ্ধ।

ঘাঁটি/জাহাজ/সংস্থা------------------ কর্মকর্তার স্বাক্ষর
নাম ঃ
তারিখ------------------------------- পদবী ঃ

প্রতিস্বাক্ষর

অধিনায়ক/সমতুল্য কর্মকর্তা

বাংলাদেশ নৌবাহিনীর অফিসারদের দেশে-বিদেশে উচ্চশিক্ষা ও শিক্ষাছুটি সংক্রান্ত নীতিমালা-২০১৭

সূত্র ঃ

ক। সশস্ত্র বাহিনী বিভাগ পত্র ২২০৭/টি তারিখ ১৯ ফেব্রুয়ারি ১৯৯৪।
খ। নৌ সচিবালয় পত্র এনএ/১২০৪/০২/১৮০২ তারিখ ২০ এপ্রিল ২০১০।
গ। নৌ সদর দপ্তর পত্র ০৬.০২.২৬২৬.১৪৪.২৫.৯৬৯.১৩.৩৪৪৪ তারিখ ২৬ সেপ্টেম্বর ২০১৩।

ভূমিকা

১। বাংলাদেশ নৌবাহিনী একটি কারিগরী ও প্রযুক্তি নির্ভর বাহিনী। এরই ধারাবাহিকতায় নৌবাহিনীর অফিসারগণ বর্তমানে নৌবাহিনীর নিজস্ব অভ্যন্তরীণ পরিমণ্ডলে পদায়নের পাশাপাশি বিভিন্ন আন্তঃবাহিনীয় সংস্থা, সশস্ত্র বাহিনী পরিচালিত বিশ্ববিদ্যালয় - বিইউপি, মেরিটাইম ইউনিভার্সিটি, এমআইএসটি ও অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠান এবং জাতিসংঘের বিভিন্ন বিশেষায়িত/অবিশেষায়িত পদে নিয়োজিত হয়ে থাকেন। এছাড়া বাণিজ্যিক ভিত্তিতে পরিচালিত বাংলাদেশ সরকারের ০৩টি উল্লেখযোগ্য জাহাজ নির্মাণ ও মেরামত ইয়ার্ড প্রতিষ্ঠানেও নৌসদস্যরা দায়িত্ব পালন করছেন। বর্ণিত সংস্থা ও প্রতিষ্ঠানসমূহে নিয়োগের ক্ষেত্রে বিভিন্ন বিষয়ে স্নাতকোত্তর শিক্ষা কোন কোন ক্ষেত্রে আবশ্যকীয় প্রাক-যোগ্যতা এবং কোন কোন ক্ষেত্রে অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হয়। তাই স্বাভাবিকভাবেই বর্ণিত সংস্থা/প্রতিষ্ঠানসমূহে সুষ্ঠুভাবে কাজ করার জন্য নৌবাহিনীর অফিসারদের স্নাতকোত্তর শিক্ষার প্রয়োজন অনস্বীকার্য।

২। বর্ণিত সংস্থা ও প্রতিষ্ঠান ছাড়াও গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিভিন্ন মন্ত্রণালয়, অধিদপ্তর এবং তাদের আওতাধীন সংস্থায় বিভিন্ন পদ পূরণে নৌবাহিনীর অফিসারদের প্রায়শঃই নিয়োজিত করা হয়। এ ক্ষেত্রে বিষয়ভিত্তিক স্নাতকোত্তর শিক্ষা অর্জনের বিষয়টি নৌ অফিসারদের অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হওয়ার সুযোগ রয়েছে। এছাড়াও উচ্চশিক্ষাগত যোগ্যতা বিভিন্ন উচ্চতর ও বিশেষায়িত পদবী/দায়িত্বে পদায়নের ক্ষেত্রে সহায়ক ভূমিকা রাখে।

৩। স্নাতকোত্তর শিক্ষাপ্রাপ্ত অফিসারগণ শিক্ষার্জনের মাধ্যমে নৌবাহিনীর মানব সম্পদ উন্নয়নের পাশাপাশি দেশের উন্নয়নে ভূমিকা রাখতে পারবেন বিধায় ইতিমধ্যে সরকারিভাবে প্রদত্ত সুযোগের পাশাপাশি ব্যক্তিগত উদ্যোগে উচ্চশিক্ষা গ্রহণের বিষয়টি বাংলাদেশ সরকার ও নৌবাহিনী কর্তৃক উৎসাহিত করা হচ্ছে। একই সাথে সশস্ত্র বাহিনী পরিচালিত বিশ্ববিদ্যালয়, ইনস্টিটিউট এবং অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানসমূহের অনুমোদিত সাংগঠনিক কাঠামোতে নৌবাহিনীর জন্য নির্ধারিত পদসমূহ পূরণার্থে নির্ধারিত বিষয়ে প্রয়োজনীয় সংখ্যক নৌ অফিসারদের স্নাতকোত্তর শিক্ষা প্রদান প্রয়োজন।

৪। **<u>উচ্চশিক্ষার সংজ্ঞা</u>**। এই নীতিমালায় 'উচ্চশিক্ষা' হিসাবে সকল মান ও পর্যায়ের 'স্নাতক ও স্নাতকোত্তর শিক্ষা'-কে বোঝানো হয়েছে। উল্লেখ্য যে, স্নাতক পর্যায়ের শিক্ষাগত যোগ্যতার সংজ্ঞা এতদবিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের সর্বশেষ ব্যাখ্যা অনুযায়ী নির্ধারিত হবে।

৫। **<u>নাম</u>**। এই নীতিমালা ''বাংলাদেশ নৌবাহিনীর অফিসারদের দেশে/বিদেশে উচ্চশিক্ষা গ্রহণের নীতিমালা -২০১৭'' নামে পরিচিত হবে।

৬। **<u>উদ্দেশ্য</u>** । নিম্নলিখিত উদ্দেশ্য পূরণে দেশে ও বিদেশে উচ্চশিক্ষা গ্রহণের সুযোগ সৃষ্টি ঃ

ক। বাংলাদেশ সশস্ত্র বাহিনী কর্তৃক পরিচালিত বিশ্ববিদ্যালয়, ইনস্টিটিউট, মহাবিদ্যালয়, বিদ্যালয় ও অন্যান্য সংস্থা এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নির্দেশানুসারে দেশ-বিদেশের যে কোন দপ্তর, বিশ্ববিদ্যালয়, ইনস্টিটিউট, সংস্থা ইত্যাদিতে বাংলাদেশ নৌবাহিনীর অফিসার কর্তৃক নির্ধারিত স্থায়ী/অস্থায়ী পদ পূরণ।

খ। নৌবাহিনী, জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে যৌথ গবেষণামূলক কার্যে অংশগ্রহণের জন্য উপযোগী অফিসার প্রস্তুতকরণ।

গ। অফিসারদের চাকুরী পরবর্তী অবসরকালে দেশ গঠনে অবদান রাখার পাশাপাশি সম্মানজনক জীবিকা নির্বাহের সুযোগ প্রদান।

৪। **<u>ভর্তি হতে ইচ্ছুক কোর্সের নাম ও বিশদ বিবরণ।</u>**

৫। **<u>স্কলারশিপ এবং ফান্ড (অর্থের উৎস)।</u>**

৬। **<u>ভর্তি পরীক্ষার ফলাফল/ভর্তির অনুমোদন (এ সংক্রান্ত ডকুমেন্ট সংযুক্ত করতে হবে)।</u>**

৭। **<u>শিক্ষাছুটির মেয়াদ ও আরম্ভের সম্ভাব্য তারিখ।</u>**

বিঃ দ্রঃ উচ্চশিক্ষা অনুমোদনের পর শিক্ষাছুটি প্রয়োজন হলে সুবিধাজনক ছুটির আবেদনপত্রে শিক্ষাছুটির আবেদন নৌশিক্ষা পরিদপ্তরে প্রেরণ করতে হবে।

৮। **<u>বাংলাদেশ নৌবাহিনীতে প্রস্তাবিত উচ্চশিক্ষার সম্ভাব্য ক্ষেত্র ও উপযোগিতা ।</u>**

৯। এই মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে, উপরে সন্নিবেশিত তথ্যাদি আমার জানামতে সঠিক, আমি নৌবাহিনীর উচ্চশিক্ষা নীতিমালা এবং শিক্ষাছুটি সংক্রান্ত সকল শর্তাদি যথাযথভাবে পালন করব। এছাড়াও নৌসদরের উচ্চশিক্ষা নীতিমালা অনুযায়ী অঙ্গীকারনামা যথাযথভাবে পূরণকরতঃ অত্র আবেদন পত্রের সাথে সংযুক্ত করা হলো।

ঘাঁটি/জাহাজ/প্রতিষ্ঠান------------------

কর্মকর্তার স্বাক্ষর
নাম ঃ
পদবী ঃ

তারিখ-------------------------------

অধিনায়ক/সমতুল্য কর্মকর্তার সুপারিশ

আঞ্চলিক কর্তৃপক্ষ/ সমতুল্য কর্মকর্তার সুপারিশ

নৌসদর (নৌ শিক্ষা পরিদপ্তরের) মতামত

নৌসদর (নৌ সচিবালয়ের) অনুমোদন

ক্রোড় পত্র ক

ব্যক্তিগত ব্যবস্থাপনায় উচ্চশিক্ষার জন্য আবেদন পত্র

১। **কর্মকর্তার বিবরণ।**

ক। ব্যক্তিগত নম্বর ঃ
খ। পদবী ও নাম ঃ
গ। শাখা ঃ
ঘ। জন্ম তারিখ ঃ
ঙ। কমিশন প্রাপ্তির তারিখ ও ধরণ ঃ
চ। চাকুরির দৈর্ঘ্য ঃ
ছ। বর্তমান নিযুক্তি ও তারিখ ঃ
জ। সমুদ্রগামী জাহাজে চাকুরি (Sea Service) ঃ ----বৎসর ---মাস-----দিন।
ঝ। বর্তমান পদে চাকুরির মেয়াদ ঃ

২। **সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক চাহিদাকৃত শিক্ষাগত যোগ্যতার বিবরণ।**

ক্রমিক	পরীক্ষার নাম	শাখা	বিভাগ	প্রতিষ্ঠানের নাম	পাশের সন	মন্তব্য
১।						
২।						

৩। **পিএসসি, লেঃ কমান্ডার কিউ ও জেএসসি সম্পর্কিত তথ্য।**

ক্রমিক	কোর্সের নাম	প্রতিষ্ঠানের নাম	গ্রেড	মন্তব্য
১।				
২।				

৭। **প্রযোজ্যতা।** নীতিমালাটি নৌবাহিনীর ব্যবস্থাপনা ও ব্যক্তিগত উদ্যোগে নৌবাহিনীর অফিসারদের জন্য সকল পর্যায় ও মানের স্নাতক ও স্নাতকোত্তর শিক্ষা (মাস্টার্স প্রোগ্রাম, এমফিল ও পিএইচডি এবং তদূর্ধ্ব শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা সংশ্লিষ্ট প্রোগ্রাম) এবং ব্যক্তিগত উদ্যোগে স্বল্প মেয়াদী কোর্স (৮ সপ্তাহ থেকে ৬ মাস) সম্পন্নের জন্য নিম্নরূপে প্রযোজ্য হবে ঃ

ক। নৌবাহিনীর ব্যবস্থাপনায় উচ্চশিক্ষার ক্ষেত্রে এই নীতিমালায় বর্ণিত সকল নির্দেশনা অনুসৃত হবে।

খ। ব্যক্তিগত ব্যবস্থাপনায় স্বল্প মেয়াদী কোর্স, স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ের শিক্ষা লাভের ক্ষেত্রে এই নীতিমালার সংশ্লিষ্ট শর্তাদি পূরণ সাপেক্ষে নৌ সচিবালয় কর্তৃক অনুমোদনের পর সম্পূর্ণ নিজ ব্যবস্থাপনায় চাকুরীতে ব্যাঘাত না ঘটিয়ে সম্পন্ন করতে হবে।

৮। **সংশ্লিষ্ট পরিদপ্তরের কার্য পরিধি।** এই নীতিমালাটি নৌ সদর/নৌ শিক্ষা পরিদপ্তরের তত্ত্বাবধানে পরিচালিত হবে এবং প্রয়োজনে নৌ সচিবালয় ও নৌ প্রশিক্ষণ পরিদপ্তরের পরামর্শ/সহযোগিতা গ্রহণ করা হবে। নৌ শিক্ষা পরিদপ্তরের কার্য পরিধি নিম্নরূপঃ

ক। সরকারি ও বেসরকারিভাবে উচ্চশিক্ষা গ্রহণের জন্য আগ্রহী কর্মকর্তাদের নিকট হতে নাম/আবেদন প্রাপ্তি সাপেক্ষে নীতিমালা অনুসারে উপযুক্ততা যাচাই-বাছাই করতঃ কর্মকর্তাদের নামীয় তালিকা সুপারিশসহ নৌ সচিবালয়ে প্রেরণ করা।

খ। নৌ সচিবালয় হতে মনোনীত/অনুমোদিত কর্মকর্তাদের নামীয় তালিকা পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট কর্মকর্তা/সংস্থাকে অবহিত করা।

গ। সকল ধরণের উচ্চশিক্ষার ক্ষেত্রে সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়/সংস্থায় ভর্তির পূর্বেই কর্মকর্তাগণের নিকট হতে প্রযোজ্যতা অনুযায়ী অঙ্গীকারনামা সংগ্রহ করতঃ নৌ সচিবালয়ে প্রেরণ করা।

ঘ। উচ্চশিক্ষার জন্য নির্বাচিত প্রার্থীদের শিক্ষাছুটি ও অন্যান্য আর্থিক সংশ্লেষ সংক্রান্ত বিষয়ে প্রয়োজনে এএফডি ও নৌ প্রশিক্ষণ পরিদপ্তরের সঙ্গে সমন্বয় সাধন করে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা।

ঙ। কর্মকর্তাদের উচ্চশিক্ষার সুবিধার্থে দেশ-বিদেশের সরকারি-বেসরকারি বিভিন্ন স্বনামধন্য বিশ্ববিদ্যালয় হতে স্কলারশিপ সংগ্রহের বিষয়ে পত্রালাপ, ই-মেইল/সার্বিকভাবে প্রযোজ্য উপায়ে উদ্যোগ গ্রহণ করা।

চ। উচ্চশিক্ষা সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়/ইনস্টিটিউট/প্রতিষ্ঠান এর সাথে নিয়মিত যোগাযোগ ও সমন্বয় সাধনের মাধ্যমে কর্মকর্তাগণের শিক্ষা কার্যক্রম (সরকারি ব্যবস্থাপনায়) নির্বিঘ্ন করা এবং অগ্রগতি (ব্যক্তিগত ও সরকারি উভয় ব্যবস্থাপনায়) পর্যবেক্ষণ করা।

ছ। ব্যক্তিগত/সরকারি ব্যবস্থাপনায় উচ্চশিক্ষা গ্রহণরত সকল কর্মকর্তাদের উচ্চশিক্ষা সংক্রান্ত হালনাগাদ তথ্য সংকলন করতঃ প্রতি ছয় মাস অন্তর (জানুয়ারি ও জুলাই) নৌ সচিবালয়ে অবহিত করা।

৯। **উচ্চশিক্ষার ধরণ**। কর্মকর্তাগণ নিম্নবর্ণিত তিনটি প্রক্রিয়ায় উচ্চশিক্ষা সম্পন্ন করতে পারবেন :

ক। নৌবাহিনী বা সরকারি ব্যবস্থাপনায় দেশে/বিদেশে খণ্ডকালীন/পূর্ণকালীন প্রোগ্রাম।

খ। নিজস্ব ব্যবস্থাপনায় দেশে/বিদেশে পূর্ণকালীন প্রোগ্রাম (শিক্ষাবৃত্তি ও শিক্ষাছুটিসহ)।

গ। নিজস্ব ব্যবস্থাপনায় দেশে খণ্ডকালীন প্রোগ্রাম (চাকুরীতে ব্যাঘাত না ঘটিয়ে সম্পূর্ণ ব্যক্তিগত ব্যবস্থাপনায়)।

১০। **উচ্চশিক্ষা বৃত্তি সংগ্রহ**। উচ্চশিক্ষার জন্য বৃত্তি নিম্নবর্ণিত ভাবে সংগ্রহ করা যেতে পারে :

ক। সশস্ত্র বাহিনী বিভাগ, বিভিন্ন দেশ/সংস্থা/প্রতিষ্ঠান হতে বৃত্তি সংগ্রহ করা।

২৬। **মতামত ও সংশোধনী**। নৌ সদর/নৌ শিক্ষা পরিদপ্তরের তত্ত্বাবধানে এই নীতিমালাটির প্রয়োজনীয় সংশোধন ও হালনাগাদ করার কার্যক্রম প্রয়োজন অনুযায়ী গ্রহণ করা যাবে। এই উদ্দেশ্যে এই নীতিমালা জারীর পর এ বিষয়ে যে কোন মতামত/প্রস্তাবনা যদি থাকে তা নৌ আঞ্চলিক কর্তৃপক্ষের মাধ্যমে নৌ শিক্ষা পরিদপ্তরে প্রেরণ করা যেতে পারে।

২৭। এই নীতিমালা জানুয়ারি ২০১৮ থেকে কার্যকর হবে এবং এই নীতিমালা দ্বারা উচ্চশিক্ষা সংক্রান্ত পূর্বের সকল নির্দেশনা বাতিল করা হলো।

ক্রোড়পত্র :

ক। ব্যক্তিগত ব্যবস্থাপনায় উচ্চশিক্ষার জন্য আবেদন পত্র - ০২ (দুই) পাতা।
খ। ব্যক্তিগত/নৌবাহিনীর ব্যবস্থাপনায় উচ্চশিক্ষার জন্য অঙ্গীকারনামা ফরম - ০১ (এক) পাতা।

খ। **ব্যক্তিগত ব্যবস্থাপনায়**। ব্যক্তিগত ব্যবস্থাপনায় উচ্চশিক্ষার জন্য নির্বাচিত কর্মকর্তা এই মর্মে অঙ্গীকারনামা প্রদান করবেন যে, তিনি কোর্স সম্পন্নের তারিখ হতে পোস্ট গ্র্যাজুয়েশন, এম এস, এম ফিল কোর্স এর ক্ষেত্রে ০৪ বৎসর এবং পি এইচ ডি ও পোস্ট ডক্টর‍্যাল রিসার্চ এর ক্ষেত্রে ০২ বছর এর মধ্যে অবসর গ্রহণ অথবা চাকুরী হতে অব্যাহতির আবেদন করতে পারবেন না। তবে, স্থায়ীভাবে অতিক্রান্ত কর্মকর্তাদের জন্য এ শর্তটি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের বিবেচনায় শিথিল করা যেতে পারে।

২২। **লজিস্টিক ও ইউটিলিটি সুবিধা**। সরকারি ব্যবস্থাপনায় উচ্চশিক্ষা গ্রহণরত কর্মকর্তাগণকে সংশ্লিষ্ট একাডেমিক ইনস্টিটিউশনের নিকটবর্তী অথবা নৌসদর কর্তৃক নির্ধারিত নৌ ঘাঁটি/স্থাপনা হতে স্বাভাবিক নিয়মে প্রয়োজনীয় লজিস্টিক ও ইউটিলিটি সুবিধা (বাসা, রেশন ,গাড়ী, এডমিন, মেডিকেল ও অন্যান্য সুবিধা) প্রদান করা হবে।

২৩। **বিশেষ সুবিধা**। এ নীতিমালার আওতায় নৌসদর কর্তৃক মনোনীত/ অনুমোদিত উচ্চশিক্ষা সম্পন্নকারী কর্মকর্তাগণ পদোন্নতি, পদায়নসহ অন্যান্য প্রযোজ্য ক্ষেত্রে প্রচলিত বিধি মোতাবেক যথাযথ সুবিধাদি প্রাপ্য হবেন।

২৪। **নিষেধাজ্ঞা**।

ক। কোর্স চলাকালীন সময়ে সংশ্লিষ্ট কর্মকর্তা অনুমোদন ব্যতীত অন্য কোন চাকুরী/খণ্ডকালীন চাকুরীতে নিয়োজিত হতে পারবেন না।

খ। কোর্স চলাকালীন সময়ে কর্মকর্তা বিশ্ববিদ্যালয়ের কোন রাজনৈতিক দল অথবা সংস্থার সঙ্গে অথবা বিধি বহির্ভূত কোন কার্যক্রমের সাথে সম্পৃক্ত হতে পারবেন না যা নৌ আইনের পরিপন্থী।

২৫। **দেশে উচ্চশিক্ষা গ্রহণ**। দেশে যে সমস্ত বিষয়ে (Subjects) উচ্চশিক্ষা গ্রহণের সুযোগ রয়েছে, সে সব বিষয়ে (Subjects) বিদেশের পরিবর্তে দেশেই উচ্চশিক্ষা গ্রহণে উৎসাহিত করা যেতে পারে।

খ। নৌবাহিনী সদর দপ্তর সরাসরি অথবা সশস্ত্র বাহিনী বিভাগের মাধ্যমে বৃত্তি সংগ্রহ করা।

গ। কর্মকর্তা নৌ সদরের পূর্বানুমতি সাপেক্ষে নিজ উদ্যোগে দেশে-বিদেশে স্বীকৃত সরকারি/বেসরকারি যে কোন উপযুক্ত প্রতিষ্ঠান হতে বৃত্তি সংগ্রহ করতে পারবেন এবং নৌসদরের যথাযথ বিবেচনা ও অনুমোদনক্রমে সরকারি/ব্যক্তিগত ব্যবস্থাপনায় সংগৃহীত বৃত্তি অনুযায়ী উচ্চশিক্ষা লাভের সুযোগ পেতে পারেন।

১১। **উচ্চশিক্ষা লাভের জন্য নির্বাচিত বিষয়াদি**। প্রতিটি বিষয়ে প্রার্থী মনোনয়ন/নির্বাচন নৌবাহিনীর বাস্তব প্রয়োজনীয়তার ভিত্তিতে নির্ধারিত হবে।

১২। **কোর্স অনুযায়ী অধ্যয়নকারীর সম্ভাব্য সংখ্যা নির্ধারণ**। নৌবাহিনীর চাহিদা, সম্ভাব্য পদায়ন ও অফিসার প্রাপ্যতার বিবেচনায় প্রতি বছর নৌ সচিবালয় শাখা ভিত্তিক মনোনয়ন প্রদানের সম্ভাব্য সংখ্যা চূড়ান্ত করবে।

উচ্চশিক্ষা গ্রহনের প্রাক যোগ্যতা

১৩। **সরকারি/নৌবাহিনীর ব্যবস্থাপনায়**। সরকার/ নৌবাহিনীর পেশাগত প্রয়োজনে প্রশিক্ষণ তথা উচ্চশিক্ষা সরকারি/নৌবাহিনীর ব্যবস্থাপনায় নিম্নবর্ণিত শর্তাদি পূরণ সাপেক্ষে কর্মকর্তাদের মনোনীত করা যেতে পারে। সরকারি ব্যবস্থাপনায় উচ্চশিক্ষা সংক্রান্ত যাবতীয় খরচ প্রশিক্ষণ বাজেট হতে সংকুলান করা হবে। (এনআই-০১/১৪ এর পার্ট-৫ এর সেকশন-১ এর আর্টিকেল-২৮ দ্রষ্টব্য)।

ক। **অনার্স/ডিগ্রী প্রোগ্রাম**।

(১) নৌবাহিনীর প্রয়োজনে সরকারি ব্যবস্থাপনায় ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রিক্যাল শাখার ক্যাডেট এন্ট্রি কর্মকর্তাগণের বেসিক কোর্স হিসেবে কর্মকর্তাকে যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়ে ০৪ বছর মেয়াদী বিএসসি ইঞ্জিনিয়ারিং প্রোগ্রামে প্রেরণ করা হবে।

(২) এছাড়াও সরকার/নৌবাহিনী নিজস্ব প্রয়োজন সাপেক্ষে যে কোন শাখার কর্মকর্তাকে ৪/৩/২ বছর মেয়াদী অনার্স/ডিগ্রী প্রোগ্রামে প্রেরণ করতে পারবে।

খ। **মাস্টার্স/এমএস/এমফিল প্রোগ্রাম**।

(১) **ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা**। সংশ্লিষ্ট বৃত্তি প্রদানকারী/স্পন্সর শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক আরোপিত ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা পূরণ করতে হবে।

(২) **চাকুরীগত যোগ্যতা**।

(ক) লেঃ কমান্ডার ও তদূর্ধ্ব (সরাসরি কমিশন প্রাপ্তদের ক্ষেত্রে প্রাপ্ত পশ্চাৎ প্রবীণতাসহ) কর্মকর্তাগণ।

(খ) ন্যূনতম ০২ বৎসর (শিক্ষা শাখা ব্যতীত) সমুদ্রগামী জাহাজে চাকুরী (সরবরাহ শাখার অফিসারদের ক্ষেত্রে ন্যূনতম ০১ বৎসর)।

(গ) জুনিয়র স্টাফ কোর্স সম্পন্নকৃত।

(ঘ) ওপিআর এর গড় ন্যূনতম Average অথবা তদূর্ধ্ব হতে হবে।

(ঙ) মাস্টার্স/এমএস/এমফিল প্রোগ্রাম শেষে কমপক্ষে ০৭ বৎসর চাকুরী অবশিষ্ট থাকতে হবে।

(চ) বাংলাদেশ সেনাবাহিনীর মেডিক্যাল কোর ও অন্যান্য যেসব কর্মকর্তা নৌবাহিনীতে কর্মরত আছেন তাদের আবেদনপত্র সেনা সদরের অনুমতির জন্য প্রেরণ করা হবে।

গ। **পিএইচডি প্রোগ্রাম**।

(১) **ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা**। সংশ্লিষ্ট বৃত্তি প্রদানকারী/স্পন্সর শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক আরোপিত ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা পূরণ করতে হবে।

ক। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, মিলিটারী ইনস্টিটিউট অব সায়েন্স এ্যান্ড টেকনোলজি, বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস অথবা এর অধিভূক্ত সকল সংস্থা, প্রশিক্ষণ ঘাঁটি কিংবা ইনস্টিটিউট।

খ। সমুদ্র বিজ্ঞান অধ্যয়ন সংশ্লিষ্ট কোন প্রতিষ্ঠান, সংস্থা অথবা ইনস্টিটিউট।

গ। বাংলাদেশ নৌবাহিনীর অধীনস্থ গবেষণামূলক সংস্থা অথবা পরিদপ্তর।

ঘ। নৌবাহিনী পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহ।

ঙ। নৌবাহিনী পরিচালিত ডকইয়ার্ড/শিপইয়ার্ডসমূহ।

চ। অর্জিত ডিগ্রীর মানের সাথে সামঞ্জস্যপূর্ণ নৌবাহিনীর অন্যান্য পদ ও নিয়োগসমূহ।

ছ। আন্তঃবাহিনী অথবা রাষ্ট্রীয় অন্যান্য সংস্থা অথবা গবেষণামূলক প্রতিষ্ঠান।

জ। অনুমোদন সাপেক্ষে ব্যক্তিগত উদ্যোগে আয়োজিত জাতিসংঘ /আন্তর্জাতিক সংস্থা/বিদেশী বিশ্ববিদ্যালয় বা অন্য যে কোন সংস্থায় উল্লেখযোগ্য কোন পদ।

ঝ। নৌবাহিনীর প্রয়োজনে এবং সরকারের নির্দেশানুসারে যে কোন উপযুক্ত নিয়োগ।

২১। **অঙ্গীকারনামা**।

ক। **সরকারি/নৌবাহিনীর ব্যবস্হাপনায়**। সরকারি/নৌবাহিনীর ব্যবস্হাপনায় উচ্চশিক্ষার জন্য নির্বাচিত কর্মকর্তা এই মর্মে অঙ্গীকারনামা প্রদান করবেন যে, তিনি কোর্স সম্পন্নের তারিখ হতে মাস্টার্স/এমএস/এমফিল প্রোগ্রাম এর ক্ষেত্রে ০৭ বৎসর, পি এইচ ডি প্রোগ্রাম এর ক্ষেত্রে ০৫ বৎসর ও পোস্ট ডক্টর‍্যাল প্রোগ্রাম এর ক্ষেত্রে ০৩ বছর এর মধ্যে অবসর গ্রহণ অথবা চাকুরী হতে অব্যাহতির আবেদন করতে পারবেন না।

ছ। **গ্রহণযোগ্য/সন্তোষজনক ফলাফল** উপরের প্রতিটি কোর্সের ক্ষেত্রে গ্রহণযোগ্য/ সন্তোষজনক ফলাফলের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের মান/সংজ্ঞা নির্ণায়ক হিসাবে বিবেচিত হবে।

জ। **কোর্সে অসন্তোষজনক ফলাফল/আইনবহির্ভূত কার্যকলাপ**

(১) নৌবাহিনীর ব্যবস্থাপনায় নৌবাহিনী কর্তৃক মনোনীত মাস্টার্স, এমফিল ও পিএইচডি কার্যক্রমে অংশগ্রহণের জন্য সুযোগ প্রাপ্ত কোন কর্মকর্তা নিজ শৈথিল্য, গাফিলতি, অবহেলা, ইত্যাদি কারণে নির্ধারিত সময়ে উক্ত কোর্স সম্পন্ন করতে সক্ষম না হলে, উক্ত কর্মকর্তার নিকট হতে সংশ্লিষ্ট কোর্স আয়োজনের এবং পরিচালনার জন্য নৌবাহিনী কর্তৃক খরচকৃত সমুদয় অর্থ অথবা তার অংশ বিশেষ জরিমানা হিসেবে আদায় করা যেতে পারে।

(২) কোর্স শেষে গ্রহণযোগ্য/সন্তোষজনক ফলাফল অর্জনে ব্যর্থ কর্মকর্তাদের বেলায়ও একইভাবে জরিমানার ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

(৩) বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত কর্মকর্তাদের কোর্সে অবস্থান, অগ্রগতি, গতিবিধি নির্ণয় ও সার্বিক তদারকির লক্ষ্যে ৬ মাস অন্তর সংশ্লিষ্ট অফিসার ব্যক্তিগতভাবে তার অর্জিত ফলাফল, ধারাবাহিক কোর্স কার্যক্রম, গবেষণার অবস্থান সম্পর্কে হালনাগাদ (Up to date) তথ্যাদি নৌ শিক্ষা পরিদপ্তরে প্রেরণ করবেন।

উচ্চশিক্ষা কার্যক্রম শেষে নিয়োগ

২০। উচ্চশিক্ষা প্রাপ্ত কর্মকর্তাদের অর্জিত বিষয়ভিত্তিক জ্ঞান যথাসময়ে ও যথাযথভাবে প্রয়োগের জন্য উপযুক্ত কর্মক্ষেত্রে নিয়োগের লক্ষ্যে নৌ সচিবালয় কর্তৃক নিম্নোক্ত বিভিন্ন পদ/সংস্থা বিবেচনা করা যেতে পারে :

(২) **চাকুরীগত যোগ্যতা**।

(ক) কমান্ডার এবং তদূর্ধ্ব কর্মকর্তা (সরাসরি কমিশন প্রাপ্তদের ক্ষেত্রে প্রাপ্ত পশ্চাৎ প্রবীণতাসহ)।

(খ) ওপিআর এর গড় ন্যূনতম Average অথবা তদূর্ধ্ব হতে হবে।

(গ) পিএইচডি প্রোগ্রাম শেষে কমপক্ষে ০৫ বৎসর চাকুরী অবশিষ্ট থাকতে হবে।

(ঘ) বাংলাদেশ সেনাবাহিনীর মেডিক্যাল কোর ও অন্যান্য যেসব কর্মকর্তা নৌবাহিনীতে কর্মরত আছেন তাদের আবেদনপত্র সেনা সদরের অনুমতির জন্য প্রেরণ করা হবে।

ঘ। **পোস্ট ডক্টরাল প্রোগ্রাম**।

(১) **ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা**।

(ক) পিএইচডি সম্পন্নকৃত।

(খ) বৃত্তি প্রদানকারী/স্পন্সরকারী সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক আরোপিত ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা পূরণ করতে হবে।

(২) **চাকুরীগত যোগ্যতা**।

(ক) কমান্ডার/তদূর্ধ্ব সার্ভিস সম্পন্নকারী কর্মকর্তা (সরাসরি কমিশন প্রাপ্তদের ক্ষেত্রে প্রাপ্ত পশ্চাৎ প্রবীণতাসহ)।

(খ) ওপিআর এর গড় ন্যূনতম Average অথবা তদূর্ধ্ব হতে হবে।

(গ) পোস্ট ডক্টরাল প্রোগ্রাম শেষে কমপক্ষে ০৩ বৎসর চাকুরী অবশিষ্ট থাকতে হবে।

(ঘ) বাংলাদেশ সেনাবাহিনীর মেডিক্যাল কোর ও অন্যান্য যেসব কর্মকর্তা নৌবাহিনীতে কর্মরত আছেন তাদের আবেদনপত্র সেনা সদরের অনুমতির জন্য প্রেরণ করা হবে।

১৪। **ব্যক্তিগত ব্যবস্থাপনায় পূর্ণকালীন প্রোগ্রাম (দেশে-বিদেশে শিক্ষাছুটিসহ)।** ব্যক্তিগত ব্যবস্থাপনায় পূর্ণকালীন/নিয়মিত উচ্চশিক্ষা প্রোগ্রামে (দেশে-বিদেশে স্কলারশিপ ও শিক্ষাছুটিসহ) অংশগ্রহণের জন্য কর্মকর্তাগণের নিম্নবর্ণিত শর্তাদি পূরণ করা প্রয়োজন ঃ

ক। ন্যূনতম ১০ (দশ) বছর কমিশন্ড সার্ভিস সম্পন্ন করা।

খ। Staff Course সম্পন্নকারী অথবা স্টাফ কলেজ প্রবেশিকা পরীক্ষায় অনুত্তীর্ণ এবং প্রবেশিকা পরীক্ষায় অংশগ্রহণের বয়স অতিক্রান্ত হওয়া কর্মকর্তাগণ।

গ। সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত শর্তাদি পূরণ করা।

ঘ। মেয়াদ নির্বিশেষে পোস্ট গ্র্যাজুয়েশন, এম এস, এম ফিল, পি এইচ ডি এবং পোস্ট ডক্টর‍্যাল রিসার্চ কোর্সকে দীর্ঘ মেয়াদী কোর্স হিসাবে গণ্য করা হবে। এই জাতীয় কোর্সের জন্য প্রার্থীর কমপক্ষে ০৭ বৎসরের চাকুরী অবশিষ্ট থাকতে হবে।

ঙ। ০৬ (ছয়) মাসের বেশী মেয়াদের কোর্স (যে কোন মেয়াদের পোস্ট গ্র্যাজুয়েশন/এম এস, এম ফিল, পি এইচ ডি, পোস্ট ডক্টর‍্যাল রিসার্চ ব্যতীত) কে মধ্য মেয়াদী কোর্স হিসাবে গণ্য করা হবে। এই জাতীয় কোর্সের জন্য প্রার্থীর কমপক্ষে ০৫ বৎসরের চাকুরী অবশিষ্ট থাকতে হবে।

চ। ০৮ (আট) সপ্তাহ হতে ০৬ (ছয়) মাস মেয়াদের কোর্সকে স্বল্প মেয়াদী কোর্স হিসাবে গণ্য করা হবে। এই জাতীয় কোর্সের জন্য প্রার্থীর কমপক্ষে ০৩ বৎসর চাকুরী বাকী থাকতে হবে।

ছ। বৃত্তি প্রদানকারী দেশ/সংস্থা স্পন্সরকারী বিশ্ববিদ্যালয় ও অন্যান্য শর্তাবলী কর্তৃক প্রার্থীর বয়স, শিক্ষাগত যোগ্যতা নির্ধারিত থাকলে বৃত্তি প্রদানকারী দেশ/সংস্থার আরোপিত বিধি/শর্তাবলী পূরণ করতে হবে।

(৫) অসাধারণ ছুটি ভোগকালে কর্মকর্তাগণ বেতন ও ভাতা প্রাপ্য হবেন না এবং চাকুরীর জ্যেষ্ঠতাও দাবী করতে পারবেন না। অর্থাৎ, অসাধারণ ছুটির কাল সংশ্লিষ্ট কর্মচারীর কোয়ালিফাইং সার্ভিস হতে বাদ যাবে।

(৬) পদোন্নতি ও পেনশনের ক্ষেত্রে চাকুরীকাল বিবেচনায় শিক্ষাছুটি কর্মকালীন সময় হিসেবে গণ্য হবে। তবে অসাধারণ ছুটি কর্মকালীন সময় হিসেবে গণ্য হবে না। অসাধারণ ছুটি অন্যান্য ছুটি গণনার ক্ষেত্রে ব্যাঘাত ঘটাবে না।

(৭) শিক্ষাছুটির আবেদনপত্র গৃহীত হওয়ার পর নৌ শিক্ষা পরিদপ্তর নৌ সচিবালয়ের মাধ্যমে সশস্ত্রবাহিনী বিভাগ হতে অনুমোদনের প্রয়োজনীয় প্রক্রিয়া সম্পন্ন করবেন। অনুমোদিত শিক্ষাকালে (অসাধারণ ছুটি ব্যতিত) ব্যক্তিবর্গ সাধারণ কর্মকালের মত সকল সার্ভিস সুবিধাদি প্রাপ্য হবেন।

চ। **কোর্স কার্যক্রম সম্পন্নের জন্য অতিরিক্ত সময়**

(১) উপরে উল্লেখিত সময়ের মধ্যে, কোন কর্মকর্তা নির্ধারিত কোর্স কার্যক্রম সাফল্যের সাথে সম্পন্ন করতে না পারলে তাকে সংশ্লিষ্ট কোর্স কার্যক্রম হতে বাধ্যতামূলকভাবে প্রত্যাহার করে নৌবাহিনীর স্বাভাবিক চাকুরীতে নিয়োগ করা হবে।

(২) তবে শুধুমাত্র নৌবাহিনীর বৃহত্তর প্রয়োজন বিবেচনায় মাননীয় নৌ প্রধানের অনুমোদন সাপেক্ষে অনুরুপভাবে কোর্স হতে বাধ্যতামূলক প্রত্যাহারকৃত কোন কর্মকর্তা কোর্স হতে অব্যাহতির পর পরবর্তী সময়ের জন্য নিজস্ব অর্থায়ন, ব্যবস্থাপনা ও সময়ে উক্ত কোর্স সম্পন্ন করার সুযোগ পেতে পারে।

ঘ। **স্নাতকোত্তর (অথবা সমমান) এবং পিএইচডি (অথবা সমমান) একত্রে**। বিশেষ ক্ষেত্রে কোন অফিসার একত্রে স্নাতকোত্তর (অথবা সমমান) ও পিএইচডি (অথবা সমমান) উভয় প্রোগ্রামের জন্য নির্বাচিত হলে তাকে উভয় কোর্স সম্পন্নের জন্য সর্বোচ্চ একটানা ০৫ (পাঁচ) শিক্ষা বৎসর সময় শিক্ষাছুটি হিসেবে প্রদান করা যেতে পারে।

ঙ। **শিক্ষাছুটির নিয়মাবলী**।

(১) যথাযথ যোগ্যতা সম্পন্নকারী উপযুক্ত কর্মকর্তা নিজ খরচে বিদেশে উচ্চশিক্ষা গ্রহণ করতে চাইলে তাকে সার্বিকভাবে বিবেচনা করতঃ শিক্ষাছুটি প্রদান করা যেতে পারে। এ ক্ষেত্রে শুধু প্রাপ্য মাসিক বেতন ও ভাতাদি দেশীয় মুদ্রায় প্রদান করা হবে। কোর্স সংশ্লিষ্ট দেশে গমনাগমন, অবস্থান এবং যাবতীয় খরচ (বিদেশে অবস্থানকালীন চিকিৎসা খরচসহ) নিজে বহন করবেন।

(২) বাংলাদেশ সরকারের পক্ষে প্রধানমন্ত্রীর সচিবালয়, সশস্ত্র বাহিনী বিভাগের অনুমোদনক্রমে উক্ত উচ্চশিক্ষা ছুটি প্রদান করা হবে।

(৩) সাধারণভাবে এককালীন ১২ মাস পর্যন্ত এই প্রকার ছুটি প্রদান করা যাবে। বিশেষ ক্ষেত্রে এই ছুটি আরো ১২ মাস পর্যন্ত বৃদ্ধি করা যাবে। শুধুমাত্র পি এইচ ডি ডিগ্রীর জন্য এককালীন ৩৬ মাস পর্যন্ত ছুটি প্রদান করা যাবে। এর অতিরিক্ত ছুটির প্রয়োজন হলে বিশেষ বিবেচনায় আরো ২ মাস ছুটি মঞ্জুর করা যাবে। ছুটির মেয়াদ (২৪+২) ২৬ মাস অথবা (৩৬+২) ৩৮ মাস অতিক্রান্ত হলে এর অতিরিক্ত ছুটি অসাধারণ ছুটি হিসাবে প্রদান করা যাবে। উচ্চ শিক্ষার জন্য কর্মকর্তাকে কোনভাবেই ০৫ বৎসরের অধিক সময়ের মঞ্জুরী দেয়া যাবে না।

(৪) বিশেষ বিবেচনায় অতিরিক্ত ০২ মাস ছুটি প্রদান করা হলে তা অফিসারের অর্জিত ছুটি হতে কর্তন করা হবে।

জ। সেমিনার, ওয়ার্কশপ, মিটিং, সিম্পোজিয়াম ইত্যাদির ক্ষেত্রে প্রার্থীর বয়সসীমা এবং শিক্ষাগত যোগ্যতা স্পন্সর প্রতিষ্ঠান কর্তৃক নির্ধারিত হবে।

ঝ। বাংলাদেশ সেনাবাহিনীর মেডিক্যাল কোর ও অন্যান্য যেসব কর্মকর্তা নৌবাহিনীতে কর্মরত আছেন তাদের আবেদনপত্র সেনা সদরের অনুমতির জন্য প্রেরণ করা হবে।

১৫। ব্যক্তিগত ব্যবস্থাপনায় খণ্ডকালীন (পার্টটাইম) প্রোগ্রাম। ব্যক্তিগত ব্যবস্থাপনায় খণ্ডকালীন প্রোগ্রাম এর আওতায় কর্মকর্তা দেশে অবস্থান করতঃ সম্পূর্ণ নিজস্ব ব্যবস্থাপনায় স্বীকৃত বিভিন্ন বিশ্ববিদ্যালয়/ইনস্টিটিউটে ইভনিং প্রোগ্রাম ও দেশে-বিদেশে অনলাইন/দূরশিক্ষণ জাতীয় প্রোগ্রামে অংশগ্রহণ করতে পারেন। উল্লেখ্য, চাকুরিতে পেশাগত প্রশিক্ষণকে প্রাধান্য দেয়া আবশ্যক। এ জাতীয় খণ্ডকালীন প্রোগ্রামে অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী পূরণকারী কর্মকর্তাগণকে অনুমতি প্রদান করা যেতে পারে ঃ

ক। Staff Course সম্পন্নকারী অথবা স্টাফ কলেজ প্রবেশিকা পরীক্ষায় অনুত্তীর্ণ এবং প্রবেশিকা পরীক্ষায় অংশগ্রহণের বয়স অতিক্রান্ত হওয়া কর্মকর্তাগণ।

খ। শিক্ষা শাখার জেএসসি সম্পন্নকারী ন্যূনতম লেঃ কমান্ডার পদবীর কর্মকর্তাগণ।

গ। এসডি লিস্ট অফিসারগণের মধ্যে লেঃ পদবীর অফিসারগণ।

ঘ। সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত শর্তাদি পূরণ করা।

ঙ। কর্মকর্তা কোন কারণে স্থায়ী স্বাস্থ্যগত ক্যাটাগরি 'এ' এর নীচে হলে।

চ। পরবর্তী ০৩ (তিন) বছরের মধ্যে যেসকল কর্মকর্তা বয়সসীমা অথবা চাকুরীসীমায় অবসর গ্রহণ করবেন।

ছ। বাংলাদেশ সেনাবাহিনীর মেডিক্যাল কোর ও অন্যান্য যেসব কর্মকর্তা নৌবাহিনীতে কর্মরত আছেন তাদের আবেদনপত্র সেনা সদরের অনুমতির জন্য প্রেরণ করা হবে।

জ। ব্যক্তিগত ব্যবস্থাপনায় উচ্চশিক্ষার ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তাকে যাবতীয় খরচ বহন করতে হবে।

ঝ। সংশ্লিষ্ট কর্মকর্তা অফিসের কার্যাবলী ও রুটিন ব্যাহত না করে ব্যক্তিগত সময়ে উচ্চশিক্ষার কার্যক্রমে অংশগ্রহণ করতে পারবেন।

১৬। আবেদন প্রক্রিয়া।

ক। উচ্চশিক্ষা গ্রহণে আগ্রহী প্রার্থীগণ প্রাথমিকভাবে স্কলারশিপ/ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি চেয়ে আবেদনপত্র অধিনায়ক এবং নৌ আঞ্চলিক কর্তৃপক্ষের মাধ্যমে নৌ সদর/নৌ শিক্ষা পরিদপ্তরে প্রেরণ করবেন। নৌ শিক্ষা পরিদপ্তর অনুমোদনের জন্য নৌ সচিবালয়ে প্রেরণ করবে।

খ। নৌ সচিবালয়ের অনুমোদন সাপেক্ষে স্কলারশিপ/পরীক্ষায় নির্বাচিত হওয়ার পর প্রচলিত নিয়ম অনুযায়ী অধিনায়ক ও আঞ্চলিক কমান্ডার হতে আবেদনপত্র নির্ধারিত ফরমে (ক্রোড়পত্র ক) নৌ শিক্ষা পরিদপ্তরে প্রেরণ করতে হবে। নৌ শিক্ষা পরিদপ্তর যথাযথ সুপারিশসহকারে অনুমোদনের জন্য নৌ সচিবালয়ে প্রেরণ করবেন। কোর্স শুরুর ন্যূনতম ০২ (দুই) মাস পূর্বে আবেদনপত্র নৌ শিক্ষা পরিদপ্তরে প্রেরণ বাঞ্চনীয়।

কোর্স সমূহের সাধারণ নীতিমালা

১৭। **উচ্চশিক্ষার ক্ষেত্রে চাকুরীগত অযোগ্যতা।** ইতিমধ্যে চাকুরীর প্রতি অবহেলা প্রদর্শন এবং এ সংক্রান্ত কারণে কোন শাস্তি প্রাপ্তির বিষয়টি অযোগ্যতা হিসাবে বিবেচিত হবে।

১৮। **প্রার্থী নির্বাচন প্রক্রিয়া (সরকারি ব্যবস্থাপনায় খণ্ডকালীন/পূর্ণকালীন উচ্চশিক্ষা প্রোগ্রাম)।** নৌ শিক্ষা পরিদপ্তর আগ্রহী প্রার্থীদের নিকট হতে আবেদন প্রাপ্তি সাপেক্ষে নীতিমালা অনুযায়ী যোগ্যতা যাচাই - বাছাই করতঃ মতামতসহ নামের তালিকা নৌ সচিবালয়ে প্রেরণ করবেন। নৌ সচিবালয় প্রার্থীদের যোগ্যতা যাচাই করতঃ চাকুরির/পেশাগত প্রয়োজনীয়তা, ইউএন মিশন, প্রশিক্ষণ, ক্যারিয়ার প্লানিং ইত্যাদি তথ্যাদি বিবেচনা করে কর্মকর্তা চূড়ান্তভাবে মনোনয়ন করতঃ নৌ শিক্ষা পরিদপ্তরে প্রেরণ করবেন। নৌ শিক্ষা পরিদপ্তর পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট কর্মকর্তা/সংস্থাকে অবহিত করবেন। পূর্ণকালীন উচ্চশিক্ষার জন্য প্রার্থী মনোনয়ন/নির্বাচন নৌবাহিনীর বর্তমান ও ভবিষ্যত বাস্তব প্রয়োজনীয়তার আলোকে নির্ধারিত হবে।

১৯। **কোর্স চলাকালীন শিক্ষাছুটি(সকল ক্ষেত্রে)।** এএফডির শিক্ষা নীতিমালা অনুযায়ী কোর্স কারিকুলাম এর উপর ভিত্তি করে নিম্নবর্ণিতভাবে শিক্ষাছুটি প্রদান করা যেতে পারে :

ক। **স্বল্প মেয়াদী উচ্চশিক্ষা প্রোগ্রাম।** স্বল্প মেয়াদী উচ্চশিক্ষা প্রোগ্রাম যেমন, ডিপ্লোমা/সার্টিফিকেট কোর্স- এসব ক্ষেত্রে প্রোগ্রামের ধরণ অনুযায়ী শিক্ষাছুটি ০৮ (আট) সপ্তাহ থেকে ০৬ (ছয়) মাস পর্যন্ত প্রদান করা যেতে পারে।

খ। **স্নাতকোত্তর (অথবা সমমান)।** স্নাতকোত্তর অথবা সমমানের শিক্ষা সমাপ্তির জন্য একজন কর্মকর্তাকে কোর্স কারিকুলাম-এর উপর ভিত্তি করে সর্বোচ্চ একটানা ০২ (দুই) বৎসর/২৪ (চব্বিশ) মাস শিক্ষাছুটি প্রদান করা যেতে পারে। বিশেষ ক্ষেত্রে এ ছুটি আরও ০২ (দুই) মাস পর্যন্ত বর্ধিত করে ২৬ (ছাব্বিশ) মাস করা যেতে পারে।

গ। **এমফিল/পিএইচডি (অথবা সমমান)।** পিএইচডি অথবা সমমানের অধ্যয়নের জন্য একজন কর্মকর্তাকে শুধুমাত্র পিএইচডি অংশের জন্য সর্বোচ্চ একটানা ০৩ (তিন) বৎসর/ ৩৬ (ছত্রিশ মাস) শিক্ষাছুটি প্রদান করা যেতে পারে। বিশেষ ক্ষেত্রে এ ছুটি আরও ০২ (দুই) মাস পর্যন্ত বর্ধিত করে ৩৮ (আটত্রিশ) মাস করা যেতে পারে।

বাংলাদেশ নৌবাহিনীর অফিসারদের দেশে-বিদেশে উচ্চশিক্ষা ও শিক্ষাছুটি সংক্রান্ত নীতিমালা-২০১৭